

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭

২৯ বৈশাখ, ১৪১৫
তারিখ :-----
১২ মে, ২০০৮

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

মিল মালিক কর্তৃক ধান ক্রয়ের ক্ষেত্রে প্রদেয় ঋণের পরিশোধ
সময়সীমা সর্বোচ্চ ০৩ (তিন) মাস নির্ধারণ প্রসঙ্গে ।

ব্যাংকার্স সভায় (মার্চ ১২, ২০০৭ তারিখে অনুষ্ঠিত) নিত্য প্রয়োজনীয় ভোগ্য পণ্যের আমদানি চালান শুদ্ধ কর্তৃপক্ষ থেকে ছাড় নেয়ার পরবর্তী অনধিক ৯০ (নব্বই) দিনের জন্য ঋণ সুবিধা বজায় রাখা বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়। স্থানীয়ভাবে বাজার হতে ধান ক্রয়ের ক্ষেত্রে মিল মালিকগণ Bank Pledge Cash Credit-সুবিধা গ্রহণ করে থাকে। স্থানীয়ভাবে সংগৃহীত উক্তরূপ ঋণ সুবিধার সাথে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের আমদানি চালান শুদ্ধ কর্তৃপক্ষ থেকে ছাড় নেয়ার পরবর্তী অনধিক ৯০ (নব্বই) দিনের জন্য ঋণ সুবিধা বজায় রাখার বিষয়টি বাংলাদেশ ব্যাংক সামঞ্জস্যপূর্ণ বলে মনে করে।

এমতাবস্থায়, বাজারে চালের সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় মিল মালিকগণ কর্তৃক ধান ক্রয়ের ক্ষেত্রে প্রদেয় ঋণের পরিশোধ সময়সীমা সর্বোচ্চ ০৩(তিন) মাস অর্থাৎ ৯০ (নব্বই) দিন নির্ধারণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১১৭৮২৫